# Times Today BD

রিসালাত আলিফ | ক্যাম্পাস | 09 May, 2025

দেশের চিন্তাশীল ও বুদ্ধিবৃত্তিক মানুষের সমন্বয়ে গঠিত বুদ্ধিজীবী সংগঠন “মুক্ত চিন্তা বাংলাদেশ” ময়মনসিংহ জেলা কমিটির ৬১ জনের আহবায়ক কমিটি গঠিত হয়েছে।

কমিটিতে আহ্বায়ক হিসেবে দায়িত্ব পালন করবেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকৃবি) কৃষি ও ফলিত পরিসংখ্যান বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক ড. মো. আব্দুল কুদ্দুছ এবং সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন বিশ্ববিদ্যালয়ের পরিবেশ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ বদিউজ্জামান খান।

বৃহস্পতিবার (৮ মে) রাতে বিষয়টি নিশ্চিত করেন নবগঠিত কমিটির সদস্য সচিব অধ্যাপক ড. মোহাম্মদ বদিউজ্জামান খান।

“মুক্ত চিন্তা বাংলাদেশ”এর কেন্দ্রীয় কমিটির আহবায়ক আবুল কাশেম হায়দার স্বাক্ষরিত নতুন কমিটিতে জেলার বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, চিকিৎসক, লেখক, গবেষক, সাংবাদিক ও সমাজসেবকরা অন্তর্ভুক্ত হয়েছেন।

কমিটিতে সিনিয়র যুগ্ম আহবায়ক হিসেবে ডা. মোহাম্মদ আলী সিদ্দিকী, যুগ্ম আহবায়ক হিসেবে প্রকৌশলী মো. মুস্তাফিজুর রহমান ও অধ্যক্ষ সাইফুল ইসলাম মল্লিক দায়িত্ব পালন করবেন।

তাছাড়া অধ্যাপক ড. মো. শাহজাহান, অধ্যাপক ড. মোশাররফ উদ্দিন ভূঁঞা, অধ্যাপক ড. মো. সামছুল আলম ভূঁঞা, অধ্যাপক ড. হুমায়ুন কবীর, অধ্যাপক ড. মোহাম্মদ গোলজারুল আজিজ, ডা. পারভেজ শামস, অধ্যাপক ড. মো. আমীর হোসেন, অধ্যাপক শেখ মোহাম্মদ ইউসুফ (লিটন), অধ্যাপক ড. মো. শহীদুল ইসলাম, ডা. ঈশা খান রাজ, কৃষিবিদ ড. মো. ছরোয়ার হোসেনসহ মোট ৫৬ জন কমিটিতে সদস্য হিসেবে দায়িত্ব পালন করবেন।

সদস্য সচিব অধ্যাপক ড. মোহাম্মদ বদিউজ্জামান খান বলেন, “আমরা চাই চিন্তা ও গবেষণার মধ্য দিয়ে একটি ন্যায়ভিত্তিক, জবাবদিহিমূলক ও মানবিক বাংলাদেশ গড়ে তুলতে।‘মুক্ত চিন্তা বাংলাদেশ’ কেবল একটি সংগঠন নয়, এটি একটি চেতনাকে ধারন করে–যেখানে বুদ্ধিবৃত্তিক চর্চা, সাহসী মতামত, এবং সমাজের নানাবিধ সংকটের গঠনমূলক সমাধানই আমাদের পথচলার মূল চালিকাশক্তি।আমরা বিশ্বাস করি, চিন্তা-ভাবনার স্বাধীনতা থাকলেই একটি জাতি সত্যিকার অর্থে উন্নত হতে পারে।’

উল্লেখ্য, লেখালেখি, গবেষণা এবং সমাজের বিভিন্ন সেক্টর নিয়ে গবেষণা ও নীতিগত পর্যালোচনাই সংগঠনটির উদ্দেশ্য।

বাংলাদেশ ময়মনসিংহ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 12:28

URL: https://www.timestodaybd.com/campus/132532180